কালের কণ্ঠ

তারিখ : 26 JAN 2017
পৃষ্ঠা : 6 কলাম : 6

মেডিক্যাল শিক্ষা নিয়ে বৈঠক

# শিক্ষক সংকট দূর করতে সচিবের নেতৃত্বে কমিটি

নিজস্ব প্রতিবেদক ▷

দীর্ঘদিন ধরেই দেশের চিকিৎসা শিক্ষা খাতে চলছে মারাত্মক শিক্ষক সংকট। বিশেষ করে মৌলিক বিষয়গুলোতে শিক্ষকের অভাবে মেডিক্যাল কলেজগুলোতে পড়ালেখার অবস্থা খুবই নাজুক হয়ে পড়েছে। যা নিয়ে চিকিৎসা শিক্ষা বিশেষজ্ঞরা আগে থেকেই উদ্বেগ প্রকাশ করে আসছিলেন। পরামর্শও দিয়েছেন অনেক। এরই আলোকে দেশের মেডিক্যাল কলেজগুলোতে শিক্ষক সংকট দূর করতে এবার কমিটি গঠন করেছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গতকাল বুধবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে এক বৈঠকে দেশের চিকিৎসা শিক্ষায় মৌলিক বিষয়ের শিক্ষক স্বল্পতা দূরীকরণে উপায় নির্ধারণের লক্ষ্যে স্বাস্থ্যসচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করেছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। মন্ত্রী নিজেই এতে সভাপতিত্ব করেন।

স্বাস্থ্যসচিব ছাড়াও কমিটির অপর সদস্যরা হলেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ, বিএমডিসির সভাপতি অধ্যাপক মোহাম্মদ শহীদুল্লাহ, বিসিপিএস সভাপতি অধ্যাপক সানোয়ার হোসেন, বিএসএমএমইউর উপ-উপাচার্য অধ্যাপক ডা. শারফুদ্দীন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ইসমাইল খান, স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এবং স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (শিক্ষা)। কমিটিকে আগামী ১০ কর্মদিবসের মধ্যে সুপারিশ প্রতিবেদন জমা দেওয়ার জন্য বলা হয়েছে।

**কাতারের রাষ্ট্রদূতের সাক্ষাৎ :** বাংলাদেশে নিযুক্ত কাতারের রাষ্ট্রদূত আহামেদ মোহমেদ আল-দেহায়মি গতকাল সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিমের সঙ্গে সাক্ষাৎ করেন। রাষ্ট্রদূত এ সময় বাংলাদেশের কয়েকটি হাসপাতাল পরিদর্শনের অভিজ্ঞতা তুলে ধরে বাংলাদেশের অভিজ্ঞতাকে কাতারের স্বাস্থ্যসেবায় প্রয়োগের আগ্রহ ব্যক্ত করেন।